



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪-৩৯৭০


তারিখঃ ১৮/১০/২০১৬ খ্রি:

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বস্তুবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (সংশোধিত) প্রকল্পের আওতায় বিভিন্ন উপজেলায় বিতরণকৃত ঋণের অধিকাংশ ক্ষেত্রে কিস্তি খেলাপী এবং কিছু কিছু ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ খেলাপী হচ্ছে। উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের দায়িত্ব অবহেলা ও যথাযথ তদারকীর অভাবে খেলাপীর পরিমাণ ক্রমান্বয়ে বৃদ্ধির কারণে স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪-৩৮৭৭, তারিখঃ ২৮/০৭/২০১৬ খ্রি: মূলে কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপী রোধ করার লক্ষ্যে প্রতি সাপ্তাহের শনিবার বাধ্যতামূলকভাবে স্ব-স্ব উপজেলার সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো এর নেতৃত্বে সকল মাঠ সংগঠক ও হিসাব সহকারী যৌথভাবে কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপী সমিতিতে সরেজমিনে উপস্থিত হয়ে উঠান বৈঠকসহ খেলাপী ঋণ আদায়ে বিশেষ অভিযান পরিচালনা করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে প্রতি মাসের সমিতি পর্যায়ে আদায়ের পরিমাণ নিম্নবর্ণিত ছকে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো :

| ক্রঃ নং | সমিতির নাম | আদায়কৃত সঞ্চয় | আদায়কৃত ঋণ | আদায় অভিযানে অংশগ্রহনকারী কর্মকর্তা-কর্মচারীর নাম ও পদবী | মন্তব্য |
|---------|------------|-----------------|-------------|---|---------|
| ১       | ২          | ৩               | ৪           | ৫   | ৬       |
|         |            |                 |             |   |         |

২। প্রকল্পের স্বার্থে ও কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারী করা হলো। ইহা অবিলম্বে কার্যকর হবে।

  
আরিফুল হক  
উপ প্রকল্প পরিচালক (প্রশাসন)  
বিআরডিবি, ঢাকা  
ফোন নং-৮১৮০১৪৩-১০৫

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা :----- (বিষয়টি তদারকীর অনুরোধসহ)।
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), ইরেসপো, বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
৫. কৃষি প্রশিক্ষণ সমন্বয়ক (সকল), ইরেসপো, বিআরডিবি, জেলা -----।
৬. হিসাব সহকারী (সকল), ইরেসপো, বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
৭. মাঠ সংগঠক (সকল), ইরেসপো, বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।